

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, সাভার, ঢাকা
doict.savar.dhaka.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.১৪.০০০১.২৬.৭

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বাস্তবায়নধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের End User Connectivity প্রদান পরবর্তী গ্রাহক পর্যায়ে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় গ্রাহক পর্যায়ে End User Connectivity প্রদান পরবর্তী আইএসপি কর্তৃক প্রদানকৃত ইন্টারনেট সংযোগের সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণ, অপারেশন, চাহিদা মোতাবেক ব্যান্ডউইথ সরবরাহ এবং গ্রাহক কর্তৃক ব্যান্ডউইথের মূল্য পরিশোধনের জন্য ত্রি-পক্ষীয় চুক্তি সম্পাদন অনুষ্ঠান গত ০৫/০২/২০২৬ খ্রিস্টাব্দ তারিখে সকাল ১১ টায় উপজেলা পরিষদ সভাকক্ষ(বিজয় ৭১)-এ ব্যাচ-০১ আয়োজন করা হয়। ব্যাচ-০১ এ ০৭টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং ৪৩টি প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশগ্রহণ করে। মাধ্যমিক পর্যায়ের ০৭টি প্রতিষ্ঠান চুক্তি সমূহে স্বাক্ষর প্রদান না করায় প্রতিষ্ঠান প্রধান মহোদয়কে লিখিত অবহিত করার জন্য অনুরোধ করা হয়। এর প্রেক্ষিতে জিরাবো উচ্চ বিদ্যালয় থেকে প্রাপ্ত পত্রটি (সংযুক্ত) সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি:

(১) Zirabo High School



১৬-০২-২০২৬

ফাতেমা-তুজ-জাম্মাত

উপজেলা আইসিটি অফিসার

ইমেইল : ictofficersavar@gmail.com

প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.১৪.০০০১.২৬.৭/১ (৪)

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প tangina15167@gmail.com।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা unosavar@gmail.com।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাভার, ঢাকা useo.savar.dhaka@gmail.com এবং
- ৪। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।



Satena

১৬-০২-২০২৬

ফাতেমা-তুজ-জান্নাত
উপজেলা আইসিটি অফিসার



জিরাবো উচ্চ বিদ্যালয়

স্থাপিত : ১৯৬১ ইং

পোঃ জিরাবো, থানাঃ আশুলিয়া, উপজেলাঃ সাভার জেলাঃ ঢাকা-১৩৪১

বিদ্যালয় কোড : ১৫২৮। ই, আই, আই, এন-১০৮৩৯৭, এম পি ও কোডঃ ২৬১৫০৭১৩০১ উপজেলা কোড : ১৩২, জেলা কোড : ১২।

মোবাইলঃ ০১৭১৫-০৮২২৪৭

সূত্র/স্মারক নং

তারিখ : ১০/০২/২৬ খ্রিঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের অধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে

ত্রিপক্ষীয় চুক্তিপত্র না করার কারণ সমূহ

১. বেশির ভাগ সময় নেট থাকে না।
২. নেটের স্পিড একবারে কম। অফিসিয়াল কোনো কাজ করা যায় না, ফোনের ডাটা কিনে কাজ করতে হয়।
৩. ২/৩ টার বেশি ফোন কানেকশন করা যায় না।
৪. কাস্টমার কেয়ারে যোগাযোগ করলে তারা ঠিক মতো কাজ করে না। ফোন দিলে আসি বলে ৫/৬ ঘন্টা চলে যায় তা কোনো খোঁজ খরব থাকে না। মাঝে মাঝে ছুটির দিনে আসে যার ফলে অফিস খোলা রাখা লাগে।
৫. লাইনে এক্সটেনশন করা যায় না মানে এক রাউটার থেকে অন্য রাউটারে কানেকশন দেয়া যায় না।
৬. হট লাইন নাম্বারে যোগাযোগ করলে লোক পাঠিয়ে দিচ্ছি বলে আর ফোন ধরে না।
৭. লাইন চার্জ অনেক বেশি ১০০০ টাকা। যেখানে ৫০০ টাকায় লোকাল নেটওয়ার্ক পাওয়া যায়, তারা অনেক ভালো সার্ভিস দিয়ে থাকে।

Awal

10.02.26

Md Abdul Awal
Headmaster
Zirabo High School
Zirabo, Savar, Dhaka.